

# Technical Analysis কী?



Technical Analysis মূলত একটি শেয়ারের বা কোনো ফাইন্যান্সিয়াল অ্যাসেটের দামের ওঠানামা বিশ্লেষণ করে ভবিষ্যতে দাম কোন দিকে যেতে পারে তা অনুমান করার একটি পদ্ধতি।

এখানে মূল ফোকাস থাকে দুইটি বিষয়ের ওপর:

- Price Movement (দামের চলাচল)
- Market Behaviour (বাজারের আচরণ)



একজন Analyst সাধারণত বিভিন্ন ধরনের Chart ব্যবহার করে বাজারের গতিপ্রকৃতি বোঝার চেষ্টা করেন। এই চার্ট থেকেই তিনি Trend, Pattern এবং সম্ভাব্য Buying বা Selling Zone খুঁজে বের করেন।

সহজভাবে বললে:

Technical Analysis মানেই চার্টের মাধ্যমে বাজার পড়া।

## Key Assumptions and Principles of Technical Analysis

When using technical analysis, there are three fundamental assumptions:

1. **Market action discounts everything:** this assumption posits that all information—public or private—is already reflected in the asset's price.
2. **Price moves in trends:** technical analysts believe that prices move in short-term, medium-term, and long-term trends. Identifying these trends early is key to successful trading.
3. **History tends to repeat itself:** since market psychology remains relatively constant over time, similar price patterns and trends will recur.

## Technical Analysis এর উৎপত্তি

আধুনিক Technical Analysis-এর ভিত্তি এসেছে **Dow Theory** থেকে।

এই থিওরি তৈরি করেন Charles Dow, প্রায় ১৯০০ সালের দিকে।

আজকে যে Dow Jones Industrial Average এত জনপ্রিয়, সেটাও এই Dow Theory থেকেই এসেছে।

এখনো বিশ্বের প্রায় সব বড় ট্রেডার এবং ইনভেস্টর এই ধারণার ওপর ভিত্তি করেই Technical Analysis ব্যবহার করেন।



## Technical Analysis কীভাবে কাজ করে?

Technical Analysis হলো এমন একটি পদ্ধতি যেখানে

Chart, Indicator এবং Price Data ব্যবহার করে বাজার বিশ্লেষণ করা হয়।

এতে সাধারণত দেখা হয়:

- Moving Average
- Volume
- Price Trend

এই ডেটাগুলো দেখে একজন Investor চেষ্টা করেন বোঝার:

এই অ্যাসেটটির ভবিষ্যৎ সম্ভাবনা কী হতে পারে।

যদি কোনো নির্দিষ্ট Trend (Uptrend বা Downtrend) ধরা পড়ে,

তাহলে আগের Historical Data দেখে মিল খোঁজা হয়, এই ধরনের পরিস্থিতি আগে কী ঘটেছিল এবং আবার ঘটতে পারে কিনা।

একবার Trend পরিষ্কার হলে Analyst বুঝতে পারেন কখন Buy করা ভালো আর কখন Sell করে বের হওয়া উচিত।



# Technical Analysis কেন গুরুত্বপূর্ণ?



Technical Analysis আপনাকে যেসব বিষয়ে সাহায্য করে:

- কোনো শেয়ারের বর্তমান দাম তার প্রকৃত মূল্যের তুলনায় বেশি না কম।
- কোনো অ্যাসেট বাজারে কতটা ভালো পারফর্ম করছে।
- নির্দিষ্ট সময়ের মধ্যে দাম কতটা স্থির বা অস্থির।
- আগের মতো দাম একই প্যাটার্নে উঠানামা করছে কিনা।
- অর্থনৈতিক পরিস্থিতির প্রভাব দামের ওপর কেমন পড়ছে।
- কোথায় Support এবং কোথায় Resistance আছে।
- বাজার এখন কোন ধরনের ট্রেন্ডে আছে।



## Technical Analysis ব্যবহারের সুবিধা

### 1. Entry ও Exit ঠিক করা

কখন মার্কেটে ঢুকবেন আর কখন বের হবেন,  
এই দুইটা সিদ্ধান্ত নেওয়াই ট্রেডিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ।  
Technical Analysis এই জায়গাটাতেই সবচেয়ে বেশি কাজের।

### 2. Market Trend বোঝা

Uptrend, Downtrend বা Sideways –  
বাজার কোন অবস্থায় আছে তা বুঝে ট্রেড করলে ভুল সিদ্ধান্তের সম্ভাবনা অনেক কমে যায়।

### 3. Investor Psychology বোঝা

চার্টে আসলে মানুষের আচরণের প্রতিফলন। কোথায় মানুষ ভয় পাচ্ছে, কোথায় লোভ করছে এসব Technical Analysis থেকে পরিষ্কার বোঝা যায়।

### 4. Trend Reversal আগেই ধরতে পারা

অনেক সময় বড় ক্ষতির আগেই চার্টে ছোট ছোট সংকেত দেখা যায় যেগুলো দেখে সময়মতো বের হওয়া সম্ভব।

### 5. দরকারি Market তথ্য পাওয়া

Support-Resistance, Volatility, Pattern এসব একসাথে বিশ্লেষণ করে একটা শক্তিশালী ট্রেডিং প্ল্যান বানানো যায়।

### 6. Target ও Stop Loss সেট করা

Technical Analysis ছাড়া Stop Loss দেওয়া মানে আন্দাজ।

চার্ট দেখে সঠিক জায়গায় Stop Loss ও Target বসানো যায় যা Risk Management-এর জন্য খুব জরুরি।

## Technical Analysis এর প্রধান Tools

### 1. Support & Resistance

Support হলো সেই লেভেল যেখানে দাম সাধারণত নিচে নামতে চায় না।

Resistance হলো সেই লেভেল যেখানে দাম উপরে উঠতে গিয়ে আটকে যায়।

এই লেভেলগুলোতে বড় পরিমাণে Buying বা Selling হয়।



আইল্যান্ড সিকিউরিটিজ লিঃ

Since 1995


আস্থা আর সাফল্যের ধারাবাহিকতা

## 2. Charts

**Candlestick Chart** সবচেয়ে জনপ্রিয় চার্ট।

এতে দেখা যায়:

- ✓ Open
- ✓ Close
- ✓ High
- ✓ Low



Bullish ও Bearish Pattern দেখে

স্বল্পমেয়াদি দামের দিক বোঝা যায়।

### Bar Chart


এটাও Open, High, Low, Close দেখায়

কিন্তু Candlestick-এর মতো ভিজুয়ালি সহজ না।

### Line Chart

শুধু Closing Price দেখায়।

নতুনদের জন্য ভালো, কিন্তু তথ্য কম।



## 3. Volume

Volume মানে নির্দিষ্ট সময়ে কত শেয়ার লেনদেন হয়েছে।

দাম বাড়ছে কিন্তু Volume কম → Trend দুর্বল

দাম বাড়ছে আর Volume বেশি → Trend শক্তিশালী



## 4. Moving Average (DMA)

নির্দিষ্ট সময়ের গড় দাম দেখায়।

Trend বোঝার জন্য সবচেয়ে বেশি ব্যবহৃত Tool।



## 5. Bollinger Bands

তিনটা লাইনের মাধ্যমে দেখায়:

দাম স্বাভাবিকের চেয়ে বেশি নাকি কম চলছে।



## 6. RSI (Relative Strength Index)

Momentum বোঝার জন্য ব্যবহার হয়।

➤ 30-এর নিচে → Oversold

➤ 70-এর উপরে → Overbought



## শেষ কথা

Technical Analysis আপনাকে সাহায্য করে:

বাজার বুঝতে, ঝুঁকি কমাতে এবং ভালো ডেড নিতে।

কিন্তু শুধু Technical Analysis-এর ওপর পুরোপুরি নির্ভর করা ঠিক না।

সবচেয়ে ভালো হয় যদি এর সাথে

Fundamental Analysis আর Market Sentiment-ও দেখা হয়।

তাহলেই সিদ্ধান্ত হবে বাস্তবসম্মত, আন্দাজনির্ভর নয়।

